গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষিখামার সড়ক, ফার্মগেইট, ঢাকা-১২১৫।
www.dls.gov.bd

নং-৩৩.০১.০০০০.৭০০.১৪.০২৭(২).২১/ ৫৯০ | তারিখঃ ১২/০৯/২০২১ খ্রিঃ।

বিষয়ঃ প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্পের আওতায় কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) এবং অন্যান্য সুফলভোগী নির্বাচন কমিটি অনুমোদন।
সূত্র ঃ প্রকল্প পরিচালকের ২৪/০৮/২০২১ তারিখের ৩৩.০১.০০০০.৮৩৯.০৭.০০৪.২১-০৬ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয়ে সূত্রে বর্ণিত পত্রের প্রস্তাব মোতাবেক প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্পের অনুমোদিত ডিপিপি'র সংস্থান অনুযায়ী প্রকল্পভূক্ত ৬৪টি জেলার ৪৭৫টি উপজেলায় ১জন করে মোট ৪৭৫জন কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA), প্রতি ইউনিয়ন থেকে ২জন করে উন্নত জাতের ঘাস চাষ প্রদর্শনী খামারি, ২জন করে অধিক প্রোটিন সম্বৃদ্ধ ঘাসের বীজ বিতরণের জন্য বীজ গ্রহণকারী খামারি এবং ৪জন করে প্রযুক্তি গ্রহণকারী খামারী নির্বাচনের লক্ষ্যে নিম্নে উল্লেখিত কমিটি অনুমোদন করা হলো।

অনুমোদিত কমিটিঃ

| | | |
|---|---|---|
| ১ | উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট উপজেলা) | সভাপতি |
| ২ | উপজেলা কৃষি অফিসার (সংশ্লিষ্ট উপজেলা) | সদস্য |
| ৩ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (সংশ্লিষ্ট উপজেলা) | সদস্য-সচিব |

কমিটি'র কর্মপরিধিঃ

১) কমিউনিটি এক্সটেনশন এজেন্ট, প্রদর্শনী খামারি, প্রযুক্তি গ্রহণকারী খামারি ও বীজ গ্রহণকারী খামারি নির্বাচনের ক্ষেত্রে অনুমোদিত ডিপিপি'র গাইডলাইন (সংযুক্ত) অনুসরণ করতে হবে।

২) প্রতি উপজেলা থেকে ১জন করে কমিউনিটি এক্সটেনশন এজেন্ট নির্বাচন এবং অপেক্ষমান তালিকায় ১জন করে প্রার্থী রেখে প্রকল্প পরিচালকের নিকট তালিকা প্রেরণ করবে।

৩) কমিউনিটি এক্সটেনশন এজেন্ট নির্বাচনের ক্ষেত্রে বয়সসীমা ২০-৪৫ বছর তবে প্রাণিসম্পদ অধিদপ্তরাধীন সমাপ্ত উন্নয়ন প্রকল্পসমূহে কর্মরত ছিলেন এমন প্রার্থীকে অগ্রাধিকার দিতে হবে এবং তাদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।

৪) অধিদপ্তরাধীন চলমান অন্য কোন উন্নয়ন প্রকল্পের কোন সুবিধাভোগীকে এ প্রকল্পের আওতায় সুফলভোগী হিসেবে নির্বাচন করা যাবেনা।

৫) প্রতি উপজেলার প্রতিটি ইউনিয়ন থেকে ২জন করে উন্নত জাতের ঘাস চাষ প্রদর্শনী খামারি নির্বাচন করে প্রকল্প পরিচালকের নিকট তালিকা প্রেরণ করবে।

৬) প্রতি উপজেলার প্রতিটি ইউনিয়ন থেকে ২জন করে অধিক প্রোটিন সম্বৃদ্ধ ঘাসের বীজ বিতরণের জন্য বীজগ্রহণকারী খামারি নির্বাচন করে প্রকল্প পরিচালকের নিকট তালিকা প্রেরণ করবে।

৭) প্রতি উপজেলার প্রতিটি ইউনিয়ন থেকে ৪জন (২জন সাইলেজ এবং ২জন হে প্রযুক্তি) করে প্রযুক্তি গ্রহণকারী খামারী নির্বাচন করে প্রকল্প পরিচালকের নিকট তালিকা প্রেরণ করবে।

১২/০৯/২১

(ডাঃ শেখ আজিজুর রহমান)
মহাপরিচালক (গেড-১)
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ
১-৪৭৫। উপজেলা নির্বাহী কর্মকর্তা , ..........................................................
৪৭৬-৫৯০। উপজেলা কৃষি কর্মকর্তা, ..........................................................
৫৯১-১৪২৫। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা , ..........................................................

অনুলিপিঃ
প্রকল্প পরিচালক
প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প।
অনুমোদিত কমিটি'র সদস্যদের কপি বিতরণের জন্য বলা হলো।

700.14.027.21( animal and grass project)

Scanned with CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা-১২১৫।

মুজিব শতবর্ষ

স্মারক নং-৩৩.০১.০০০০.৮৩৯.০৭.০০৪.২১-২২ — তারিখঃ ১১/১১/২০২১খ্রিঃ

বিষয়ঃ প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প এর আওতায় ৬৪ টি জেলার ৪৭৫টি উপজেলায় ০১ (এক) জন করে কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) সংযুক্তকরণ প্রসঙ্গে।

সূত্র: প্রাণিসম্পদ অধিদপ্তরের পত্র নং-৩৩.০১.০০০০.৭০০.১৪.০২৭(২).২১/৫৯০ তারিখঃ ২২/৯/২০২১খ্রিঃ মোতাবেক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রাণিসম্পদ অধিদপ্তরের বাস্তবায়নাধীন "প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প"এর কার্যক্রম প্রকল্পভুক্ত ৬৪টি জেলার ৪৭৫টি উপজেলায় শুরু হয়েছে। উক্ত প্রকল্পের অনুমোদিত ডিপিপিতে প্রকল্প চলাকালীন সময়ের জন্য প্রকল্প এলাকার মোট ৪৭৫ টি উপজেলায় ৪৭৫ (চারশত পঁচাত্তর) জন কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) সংযুক্তির সংস্থান রয়েছে। প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত "কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) ও সুফলভোগী নির্বাচন কমিটির" মাধ্যমে চুড়ান্তভাবে একজনকে কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) নির্বাচন এবং অপেক্ষামান তালিকায় একজন প্রার্থী রেখে আগামী ২০/১২/২০২১খ্রিঃ তারিখের মধ্যে প্রকল্প পরিচালকের দপ্তরে ডাকযোগে এবং ই-মেইল andfcdls@gmail.com এ প্রেরণের জন্য অনুরোধ করা হলো। কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) নির্বাচন গাইড লাইন এতদসঙ্গে প্রেরণ করা হলো। উল্লেখ্য যে, পার্বত্য তিনটি জেলায় শুধু মাত্র ৯ (নয়) টি উপজেলা (রাঙ্গামাটি সদর, কাপ্তাই, নানিয়ার চর, খাগড়াছড়ি সদর, মাটিরাঙ্গা, রামগড়, বান্দরবন সদর, নাইক্ষনছড়ি এবং লামা) প্রকল্পে অন্তর্ভূক্ত রয়েছে।

সংযুক্তিঃ
১। অনুমোদিত কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) এবং সুফলভোগী নির্বাচন কমিটি ও কার্যপরিধি, এবং CEA নির্বাচনের বিবেচ্য বিষয়সমূহ।
২। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক অনুমোদিত কমিটি ।

১১/১১/২০২১

মোঃ আমজাদ হোসেন ভূঞা
প্রকল্প পরিচালক
প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ
সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প
প্রাণিসম্পদ অধিদপ্তর, ভবন-২, ৪র্থ তলা, ফার্মগেট, ঢাকা।
মোবাইল-০১৭০৯৮২৭৪০২
ই-মেইল-andfcdls@gmail.com

**প্রাপক**
**উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (৪৭৫ জন)**

সদয় অবগতির জন্য অনুলিপিঃ
০১। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা। ইহা আপনার সদয় অবগতির জন্য।
০২-০৩। পরিচালক প্রশাসন/সম্প্রসারণ প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
০৪-১১। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/রংপুর/সিলেট/বরিশাল/ময়মনসিংহ।
১২-৭৫। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (৬৪ জন)।
৭৬। অফিস কপি।

Scanned with CamScanner

**প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্পের**
**উন্নত জাতের ঘাস চাষ প্রদর্শনী খামারী , প্রযুক্তি গ্রহণকারী খামারী , অধিক প্রোটিন সম্মৃদ্ধ ঘাসের বীজ গ্রহণকারী খামারী ও কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA)নির্বাচন গাইডলাইনঃ**

**১। উন্নত জাতের ঘাস চাষ প্রদর্শনী খামারী নির্বাচনের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়গুলি বিবেচনায় রেখে নির্বাচন করতে হবেঃ-**

ক) নির্বাচিত খামারীর গবাদিপশু আছে, প্রায় ১০ (দশ) শতাংশ ঘাস চাষের উপযোগী জমি ( তিন ফসলী জমি ব্যতীত, পতিত বা অনাবাদী জমি)আছে বা বর্গাচাষী হিসাবে চাষ করছেন যেখানে প্রকল্পের আওতায় অধিক উৎপাদনশীল উন্নত জাতের ঘাস চাষ করতে আগ্রহী।
খ) অধিক উৎপাদনশীল উন্নত জাতের ঘাস চাষে আগ্রহী, উৎপাদিত ঘাস ক্রয়-বিক্রয়ে আগ্রহী এবং প্রাণিপুষ্টি উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ গ্রহণ করতে আগ্রহী।
গ) ঘাস চাষের জন্য প্রকল্পের অর্থায়নে প্রকল্পের নিয়মানুযায়ী ঘাস চাষ করতে আগ্রহী।
ঘ) অন্ততঃ ১০(দশ) শতক জমিতে উন্নত জাতের ঘাস চাষের জন্য চুক্তির মাধ্যমে ৫০০০/- টাকা করে ২ (দুই) কিস্তিতে মোট ১০,০০০/- অনুদানের মাধ্যমে প্রকল্পের নিয়মানুযায়ী ঘাস চাষে আগ্রহী হতে হবে।

**২।প্রযুক্তি গ্রহণকারী খামারী নির্বাচনের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়গুলি বিবেচনায় রেখে নির্বাচন করতে হবেঃ-**

ক) নির্বাচিত খামারীর গবাদিপশু আছে, অধিক উৎপাদনশীল উন্নত জাতের ঘাস চাষ ও উৎপাদিত ঘাস ক্রয়-বিক্রয়ে এবংপ্রাণিপুষ্টি উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ গ্রহণ করতে আগ্রহী।
খ) প্রাণিখাদ্যের মান উন্নয়ন ও সংরক্ষণ প্রযুক্তি গ্রহণ ও ব্যবহার বিশেষ করে সবুজ ঘাস সংরক্ষন প্রযুক্তি “সাইলেজ” ও ”হে” সংক্রান্ত ২ (দুই) টি প্রযুক্তির যেকোন একটি প্রযুক্তি প্রকল্পের অর্থায়নে হাতে-কলমে শিখতে ও ব্যবহার করতে আগ্রহী ।

**৩। উন্নত জাতের ঘাসের বীজ / কাটিং গ্রহণকারী খামারী নির্বাচনের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়গুলি বিবেচনায় রেখে নির্বাচন করতে হবেঃ-**

ক) নির্বাচিত খামারীর গবাদিপশু আছে, কমপক্ষে ১০ শতাংশ ঘাস চাষের উপযোগী জমি (তিন ফসলী জমি ব্যতীত পতিত বা অনুর্বর জমি)আছে বা বর্গাচাষী হিসাবে চাষ করছেন যেখানে প্রকল্পের আওতায় অধিক উৎপাদনশীল উন্নত জাতের ঘাস চাষ করতে আগ্রহী।
খ) অধিক উৎপাদনশীল উন্নত জাতের ঘাস চাষ ও প্রাণিপুষ্টি উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ গ্রহণ করতে আগ্রহী।
গ) উন্নত জাতের ঘাসের বীজ / কাটিং গ্রহণকারী খামারী নিজ খরচে ঘাস চাষ, সংরক্ষণ, প্রদর্শন ও অন্যান্য খামারীকে বীজ/ কাটিং বিতরণে আগ্রহী হতে হবে।

**৪) কমিউনিটি এক্সটেনশন এজেন্টঃ কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) নির্বাচনের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়গুলি বিবেচনায় রেখে নির্বাচন করতে হবেঃ-**

ক) মাসিক ১৫০০০/- (পনের হাজার) টাকা ভাতায় উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার তত্ত্বাবধানে প্রকল্পের নিয়ম-কানুন ও নির্দেশণা প্রতিপালন সাপেক্ষে ৩০০/-টাকার নন-জুডিশিয়াল স্টেম্পে চুক্তির মাধ্যমে প্রকল্প চলাকালীন সময়ের জন্য কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) হিসাবে উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের সাথে সম্পৃক্ত হতে আগ্রহী হতে হবে।
খ) সংশ্লিষ্ট উপজেলার বাসিন্দা, ন্যুনতম এসএসসি বা সমমান পাশ, কর্মঠ, উদ্যোমী এবং নেতৃত্বের গুনাবলী সম্পন্ন এলাকায় সুপরিচিত বেকার যুবক/যুব মহিলা হতে হবে।
গ) নিজে গবাদিপশু পালন ও ঘাস চাষে আগ্রহী এবং উপজেলায় খামারী পর্যায়ে অধিক উৎপাদনশীল উন্নতজাতের ঘাস চাষ সম্প্রসারণে উপজেলা প্রাণিসম্পদ দপ্তরকে সম্প্রসারণ এজেন্ট হিসাবে সহযোগিতা প্রদানে আগ্রহী হতে হবে।
ঘ) উপজেলা প্রশাসন ও স্থানীয় জনপ্রতিনিধিদের সাথে সমন্বয় রেখে উপজেলা সদরে অধিক উৎপাদনশীল উন্নতজাতের ঘাসের ক্রয়-বিক্রয় কেন্দ্র/ বাজার স্থাপনের উদ্যোগ গ্রহণ করতে আগ্রহী হতে হবে।
ঙ) প্রকল্প বাস্তবায়ন সংশ্লিষ্ট সকল কার্যক্রম উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার নির্দেশণা মোতাবেক সম্পন্ন করতে আগ্রহী হতে হবে।

বিঃদ্রঃ সকল প্রকার বেনিফিসিয়ারী নির্বাচনে ন্যুনতম শতকরা ৩০ ভাগ মহিলা অন্তর্ভুক্ত করতে হবে।

২৫/১১/২০২০

(মোঃ আমজাদ হোসেন ভূঞা)
প্রকল্প পরিচালক
প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ
সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প
প্রাণিসম্পদঅধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
e-mail: andfcdls@gmail.com

Scanned with CamScanner